

# পরিবার পত্র

প্রিয় ছাত্র/ছাত্রী বন্ধুরা এবং পরিবার পরিজনেরা,

পরের অধ্যায়ে আমরা অনুপাত ও সমানুপাত সম্বন্ধে শিখব। অনুপাত শিখতে আমরা শুরু করব বিভিন্ন রকমের রঙ মেশানোর উদাহরণটি ব্যবহার করে। এই উদাহরণটি অনুপাত ও সমানুপাত বোঝাতে ভাল সাহায্য করবে এবং আমাদের বুঝতে সাহায্য করবে। যেমন, মিশ্রণ A ঘন হবে কারণ এতে রঙ ও জলের অনুপাত ৩:১, যেটি মিশ্রণ B-তে মাত্র ২:১।



আমরা অনুপাতকে ঠিক রেখে পরিমাণ বাড়ানো বা কমানো শিখব। যেমন, মিশ্রণ A বাড়াতে, অনুপাত ঠিক রেখে ক্যানের সংখ্যা বাড়াবে। এটি করা হয় অনুপাতের দুটি দিককেই একই নম্বর দিয়ে গুণ করে।

শতাংশও এক ধরনের অনুপাত। কেউ কেউ হয়ত বলবেন ৫-এর মধ্যে ৪জন অ্যাথলিট কিন্তু অন্য কেউ হয়ত এটিকেই বলবেন ৮০% অ্যাথলিট। অনেক সময়ে আমরা অনুপাতের দুটি দিকের আসল পরিমাণের বিষয়ে জানতে ততটা না আগ্রহী হই, তার বেশি আগ্রহী হই তারা কত শতাংশ বোঝাচ্ছে তা জানতে। শতাংশ আমাদের সব বস্তুগুলিকে একটি সাধারণ মানে এনে বিচার করতে সাহায্য করে। আপনারা কি এমন কোনো পরিস্থিতির কথা বলতে পারবেন যেখানে আপনারা শতাংশের ব্যবহার হতে দেখেছেন বা শতাংশ ব্যবহার করেছেন ?

আমরা সমানুপাতের সাহায্যে অজানা পরিমাণ হিসাব করব অথবা খুব বড় পরিমাণ হিসাব করব, সাধারণত যা করা হয় শক্ত নয়ত অসম্ভব। যেমন আমরা ছোট একটি নমুনার সাহায্যে ফ্লুতে আক্রান্ত হয়েছেন কতজন তার একটি আন্দাজ পেতে পারি এবং সমানুপাত ব্যবহার করে পুরো জনসংখ্যায় কতজন আক্রান্ত হয়েছেন তা জানতে পারব।

**শব্দাবলী** এখানে আমরা যে নতুন শব্দগুলি শিখব তা হল :

সমানুপাত

একক দর

**আপনারা বাড়িতে কী করতে পারেন ?**

আপনার ছাত্র/ছাত্রীদের উৎসাহ দিন যাতে তারা তাদের দৈনন্দিন জীবনে যে যে ক্ষেত্রে অনুপাতের ব্যবহার হয় তা চিহ্নিত করতে পারে, যেমন ২টি বীনের ক্যানের দাম যদি ৭০ সেন্ট হয় তবে ৫টি ক্যানের দাম কত হতে পারে ইত্যাদি। অন্যান্য উদাহরণগুলি হতে পারে যেমন একটি ফিল্ড ট্রিপি প্রাপ্তবয়স্ক ও শিশুদের অনুপাত বা আপনার প্রিয় পানীয়ের লেবেল যেখানে লেখা আছে যে সেটিতে ১০% ফলের রস আছে।